# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 04 April, 2025

চট্টগ্রামের লোহাগাড়ায় সড়ক দুর্ঘটনার তিনদিনের মাথায় মৃত্যুর কাছে হার মানলেন কলেজছাত্রী তাসনিয়া ইসলাম প্রেমা।

শুক্রবার (৪ এপ্রিল) দুপুর ১২টায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) মৃত্যু হয় তার।এর আগে এ দুর্ঘটনায় তাসনিয়ার বাবা-মা ও দুই বোন মারা যান।তাসনিয়ার মৃত্যুর মধ্য দিয়ে পরিবারটির কেউ বেঁচে নেই।

বিষয়টি নিশ্চিত করেছেন চমেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. তসলিম উদ্দিন।

এ নিয়ে লোহাগাড়ায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়াল ১১ জনে।চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের লোহাগাড়ার জাঙ্গালিয়ায় বাস ও মাইক্রোবাসের সংঘর্ষে গত বুধবার সকাল ৭টার দিকে দুই দম্পতিসহ ১০ জনের মৃত্যু হয়েছে।গুরুতর আহত হন শামীম-সুমি দম্পত্তির বড় মেয়ে তাসনিয়া ইসলাম প্রেমা (১৮)।

এ ঘটনায় আহত হয়ে চমেক হাসপাতালে চিকিৎসাধীন ছিল শিশু আরাধ্য বিশ্বাস (৬) ও তার মামাতো ভাই দুর্জয় কুমার বিশ্বাস (১৮)।আরাধ্যর বাবা দিলীপ বিশ্বাস আর মা সাধনা রাণীও চলে গেছেন পরপারে।গত বুধবার প্রেমাকে ও গত বৃহস্পতিবার আরাধ্যকে ওয়ার্ড থেকে আইসিইউতে স্থানান্তর করা হয়েছিল।

এদিকে, দুর্ঘটনায় গুরুতর আহত আরাধ্যাকে উন্নত চিকিৎসার জন্য চট্টগ্রাম মেডিকেল থেকে ঢাকার স্কয়ার হাসপাতালে নিয়ে যাওয়া হচ্ছে বলে জানা গেছে।এছাড়া তার চিকিৎসার সমস্ত দায়িত্ব নিয়েছেন স্কয়ার ফার্মাসিটিক্যালসের এমডি তপন চৌধুরী।

সড়ক দুর্ঘটনা নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:37

URL: https://www.timestodaybd.com/public/chittagong/775807292